87

দৈনিক সংবাদ

তারিখ ... 31 JAN 1996 ...
পৃষ্ঠা 12 কলাম 2 ...

# জিয়াউদ্দিনের স্বপ্ন ভঙ্গ

॥ বংশী সাহা ॥

নারায়ণগঞ্জ, ৩০শে জানুয়ারি।– ডিগ্রি পরীক্ষার্থী জিয়াউদ্দিন আহমেদ ভেবেছিল ব্যবস্থাপনা পরীক্ষার খাতা পুনরায় লিখে পরীক্ষায় ভাল ফল করবে। কিন্তু বিধি বাম হওয়ায় রাতে কলেজে প্রবেশ করায় চুরির অভিযোগে তাকে যেতে হয়েছে শ্রীঘরে।

গতকাল সোমবার সকালে ব্যবস্থাপনা পরীক্ষা হলে সে সিদ্ধান্ত নেয় রাতে চুপি চুপি সরকারি তোলারাম কলেজের অধ্যক্ষের ঘরে প্রবেশ করে ব্যবস্থাপনা পরীক্ষার খাতা পুনরায় ভাল করে লিখে দেবে। অধ্যক্ষের ঘরের দরজার তালা খোলার জন্য সে সারাদিন অক্লান্ত পরিশ্রম করে ড্রিল মেশিন, হেক্সোব্লেড, টেস্টার, স্টিলের আলমারি খোলার হাতুড়ি–বাটাল এবং ব্যবস্থাপনা পরীক্ষার সঠিক প্রশ্নোত্তর যোগাড় করে এবং রাতে এই বিপত্তি ঘটে। কলেজের দারোয়ান বাবুল মিয়া তাকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়।

বন্দর থানার নবীগঞ্জের বেপারীপাড়ায় জিয়াউদ্দিনের বাড়ি। গত বছর ডিগ্রি পরীক্ষা দিয়ে সে ফেল করে। অভাবের সংসারে তার একটি চাকরির বড়ই প্রয়োজন। জিয়াউদ্দিন বিদ্যুৎ বিভাগের জনৈক আত্মীয়কে ধরে একটি চাকরির জন্য। কথা ছিল ডিগ্রি পরীক্ষায় পাস করার পর তাকে চাকরি দেয়া হবে। ব্যবস্থাপনা পরীক্ষা খারাপ হওয়ায় কোন উপায়ান্তর না থাকায় সাতপাঁচ না ভেবেই সে এ কাজ করে বসে বলে জানায়।

নারায়ণগঞ্জ থানা হাজতে জিয়াউদ্দিনকে বিষণ্ন অবস্থায় দাঁড়িয়ে থাকতে দেখা যায়। তার বিরুদ্ধে আনা হয়েছে চুরির অভিযোগ।